19তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন

19তম প্রবাসী ভারতীয় দিবস (পিবিডি) সম্মেলনের ওয়েবসাইট (pbdindia.gov.in) 11 নভেম্বর, 2026 তারিখে নয়াদিল্লীতে এক অনুষ্ঠানে বিদেশমন্ত্রী ডঃ এস. জয়শঙ্কর এবং পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শ্রী শুভেন্দু অধিকারী যৌথভাবে উদ্বোধন করেন। 19তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন পশ্চিমবঙ্গ সরকারের সহযোগিতায় 7-9 জানুয়ারি, 2027 তারিখে পশ্চিমবঙ্গের কলকাতায় অনুষ্ঠিত হবে।

2. প্রবাসী ভারতীয় দিবস সম্মেলন ভারত সরকারের একটি অন্যতম প্রধান ইভেন্ট এবং সারা বিশ্বের ভারতীয় প্রবাসীদের সঙ্গে যোগাযোগ ও মতবিনিময়ের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ প্ল্যাটফর্ম। প্রতি বছর 9 জানুয়ারি প্রবাসী ভারতীয় দিবস পালন করা হয়, 9 জানুয়ারি, 1915 তারিখে দক্ষিণ আফ্রিকা থেকে মহাত্মা গান্ধীর ভারতে প্রত্যাবর্তনের স্মরণে এই দিবস পালন করা হয়। 19তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলনে বিশ্বের বিভিন্ন প্রান্তের ভারতীয় প্রবাসীরা একত্রিত হবেন, এই সম্মেলনের মাধ্যমে তাদের সাফল্য উদযাপন, ভারতের সঙ্গে তাদের সম্পর্ক আরও সুদৃঢ় করা এবং দেশের অগ্রগতি ও উন্নয়নে তাদের ধারাবাহিক অংশগ্রহণ ও অবদানের নতুন সুযোগগুলি অন্বেষণ করা হবে।

3. 19তম প্রবাসী ভারতীয় দিবস সম্মেলনের মূল ভাবনা 'শিকড়ের টানে: ভারতের সঙ্গে প্রবাসীদের সম্পর্কের নতুন জাগরণ', এই ভাবনা প্রবাসী ভারতীয়দের মাতৃভূমির সঙ্গে গভীর সভ্যতাগত, সাংস্কৃতিক ও আবেগের সম্পর্ককে তুলে ধরে এবং এই দীর্ঘস্থায়ী বন্ধনকে আরও সুদৃঢ় করার প্রয়াস করে। এর পাশাপাশি, বিদেশে বসবাসকারী ভারতীয়দের পরবর্তী প্রজন্মের কাছে তাদের শিকড় ও ঐতিহ্যকে নতুন করে তুলে ধরা, ভারতের সঙ্গে তাদের সম্পর্ক পুনঃস্থাপন এবং বর্তমান ভারতের সঙ্গে তাদের সম্পর্ক আরও গভীর করার জন্য অর্থবহ সুযোগ তৈরি করাও এই সম্মেলনের অন্যতম লক্ষ্য।

4. তিন দিনব্যাপী এই সম্মেলনের সূচনা হবে যুব প্রবাসী ভারতীয় দিবস উদযাপনের মধ্য দিয়ে। মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী এই সম্মেলনের উদ্বোধন করবেন। ভারতের মাননীয় রাষ্ট্রপতি শ্রীমতী দ্রৌপদী মুর্মু সমাপনী অধিবেশনে সভাপতিত্ব করবেন এবং মর্যাদাপূর্ণ প্রবাসী ভারতীয় সম্মান পুরস্কার প্রদান করবেন। এই পুরস্কারের মাধ্যমে ভারতীয় প্রবাসীদের নিজ নিজ ক্ষেত্রে অসামান্য অবদান এবং বিশ্বব্যাপী সম্প্রদায়ের সঙ্গে ভারতের সম্পর্ক আরও সুদৃঢ় করার ক্ষেত্রে তাদের ভূমিকার স্বীকৃতি দেওয়া হয়।

5. প্রবাসী ভারতীয় দিবসের ওয়েবসাইটের পাশাপাশি, বিশেষ প্রবাসী ভারতীয় দিবস ভারতকে জানুন (বিকেজে) কুইজও চালু করা হয়। নতুন আঙ্গিকে তৈরি এই কুইজে সর্বাধুনিক গেমিং প্রযুক্তি ব্যবহার করা হয়েছে, এর মাধ্যমে বিশ্বজুড়ে প্রবাসী ভারতীয় ও বিদেশিদের মধ্যে এটির

প্রসার বৃদ্ধির পাশাপাশি, অংশগ্রহণকারীদের ভারতের ঐতিহ্য, সংস্কৃতি, শিল্পকলা এবং সমসাময়িক সাফল্যের সঙ্গে পরিচিত করে তোলা হবে। বিকেজে কুইজটি ভারতভার্স অ্যাপ এবং ওয়েবসাইটে (www.bkjquiz.com) উপলব্ধ, এটি একটি "সার্বক্ষণিক 24x7" ডিজিটাল ডিপ্লোমেসি প্ল্যাটফর্ম যেখানে কুইজ, ধাঁধা, শব্দছক, শব্দ খোঁজার খেলা, অনুমানভিত্তিক খেলা-সহ নানা ধরনের অংশগ্রহণমূলক কার্যক্রম রয়েছে। বিশেষ প্রবাসী ভারতীয় দিবস কুইজটি 11 নভেম্বর থেকে 20 ডিসেম্বর, 2026 পর্যন্ত চলবে। তিনটি বিভাগের বিজয়ীদের – অনাবাসী ভারতীয় (এনআরআই), ভারতীয় বংশোদ্ভূত ব্যক্তি (পিআইও) এবং বিদেশি নাগরিকদের – ভারতের বিভিন্ন স্থান ঘুরে দেখার জন্য 10 দিনের একটি বিশেষ ভ্রমণে আমন্ত্রণ জানানো হবে এবং তারা কলকাতায় আয়োজিত প্রবাসী ভারতীয় দিবসের উদযাপনেও অংশগ্রহণ করবেন।

6. পিবিডি ওয়েবসাইট (pbdindia.gov.in) চালু করার মাধ্যমে এই সম্মেলনে অংশগ্রহণের জন্য অনলাইন নিবন্ধন প্রক্রিয়া শুরু হয়েছে। সম্মেলনে অংশগ্রহণে আগ্রহীদের জন্য এই ওয়েবসাইটটি তথ্য ও প্রয়োজনীয় সহায়তার একটি পূর্ণাঙ্গ মঞ্চ হিসেবে কাজ করবে, এখানে সম্মেলনের কর্মসূচি, নিবন্ধন পদ্ধতি, থাকার ব্যবস্থা, যাতায়াত ও অন্যান্য প্রাসঙ্গিক ব্যবস্থার বিস্তারিত তথ্য পাওয়া যাবে, যাতে আগ্রহীরা সহজেই সম্মেলনে অংশগ্রহণের প্রস্তুতি নিতে পারেন।

নয়া দিল্লী

11 নভেম্বর, 2026